بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

22 October 2012

Bangladesh Liberation Archives commemorates Testimony of Sixty: Never Again in Bangladesh Embassy, Washington DC

Bangladesh Libation Archives in Washington DC in co-operation with the Embassy of Bangladesh on Sunday (October 21, 2012) commemorated the landmark event of 1971 publication of the broadsheet entitled "Testimony of Sixty : Never Again" at the Bangabandhu Auditorium of the Embassy. The publication event of Testimony of Sixty was aimed at appealing to the world leaders to stand against the atrocities, oppression and genocide operated by Pakistani army during our war of Independence in 1971. Pakistani army operated genocide killing three million innocent people, two lacks women were violated and ten million people took refuse in India to save their lives during the nineth month Liberation War. The programs include photo exhibition reflecting the history of Bangladesh Independence, documentary film on Bangabandhu's historic seventh month speech which directed the people to fight against the Pakistani army to achieve Independence of the country, patriotic songs, recitation from poem, reading out from the testimony, and reminiscence of genocides in other countries including Rwanda and Cambodia.

Dr. Sothiarith Im of Cambodia, Mr. James Enshimiey of Rwanda, singer Milia Ali and Dr. Syed Ashraf Ahmed of Bangladesh told the heartfelt stories of genocides in their own countries during the Independence war. Mr. Iqbal Bahar Chowdhury, former Chief of VOA and Tanvir Sarwar Rana recited poems on the occasion.

Muhammad Abdul Muhith, Deputy Chief of Mission, spoke on behalf of the Embassy of Bangladesh. Mr. Muhith, in his speech, said Testimony of Sixty is an eyewitness account of one particular nation's freedom struggle at one particular moment of history- Bangladesh in 1971. He said 'We should never miss the universal message it carries, which is- when one part of humanity plunges into distress, the rest cannot stay aloof and see it only as an onlooker. This document takes us back to the heroics of the 'borderless' comrades who joined hands with our freedom fighters, he added.

'Dhroopod', a cultural organization in DC, 'Ekattorer Golpo on Independence War', 'Drishtipat DC', Friends of Liberation War Museum, Liberation War Museum Dhaka, Bangladesh and International coalition of sites of conscience participated the programs.

The programs of ‘Testimony of Sixty: Never Again’ was moderated by Mr. Anis Ahmed of VOA. Dr. Shamima Daisy gave vote of thanks to the Embassy participants for co-operating such an excellent event.

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071 , Fax : 202-244-2771\7830, e-mail : pressministerwash@yahoo.com

بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

২২ অক্টোবর ২০১২

ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে লিবারেশন আর্কাইভের অনবদ্য অনুষ্ঠান

২১শে অক্টোবর ২০১২ রবিবার ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে বাংলাদেশ লিবারেশন আর্কাইভ আয়োজিত 'টেষ্টিমণি অব সিক্সটি : নেভার এগেইন', অনুষ্ঠানটির আয়োজন করা হয়েছিল।

এবারের পরিচ্ছন্ন এই অনুষ্ঠানে বাংলাদেশের বিশিষ্ট সঙ্গীতশিল্পী মিলিয়া আলী এবং ড. সৈয়দ আশরাফ উদ্দিন আহমেদ একাত্তরের মুক্তিযুদ্ধের সময়ে তাঁদের নিজ নিজ মর্মস্পর্শী অভিজ্ঞতা তুলে ধরেন। নিজ নিজ দেশে গণহত্যার হৃদয়বিদারক বিবরণ তুলে ধরেন ক্যাম্বোডিয়ার ড. সোথিয়ারিথ ইম এবং রোয়ান্ডার জেসন এনশিমিয়ে। অনুষ্ঠানে ৭১'এ যারা সাক্ষ্য দিয়েছিলেন গণহত্যার বিষয়ে সেই টেষ্টিমনি অফ সিক্সটির কয়েকটি বক্তব্য পাঠ করেন তরুণদের সংগঠন দৃষ্টিপাত ডিাস এবং ৭১'এর গল্পের সদস্যরা।

দৃষ্টিপাত ও ৭১'এর গল্পের শিমুল সাহার পরিচালনায় বৃহত্তর ওয়াশিংটন এলাকায় তরুণ তরুণীরা এইসব বক্তব্য পাঠে, কাব্য ও সঙ্গীতে যেমন স্মরণ করেন মুক্তিযুদ্ধকে তেমনি প্রত্যয় প্রকাশ করেন আর যেন এ ধরণের গণহত্যার শিকার হতে না হয় বিশ্বের কোথাও কাউকে। মুক্তিযুদ্ধ জাদুঘরের তরফ থেকে পিটিশন পাঠ করেন তিন প্রজন্মের তিনজন, আনিস আহমেদ, সোমা বড়ুয়া এবং ছোট্ট ছেলে কারিফ। এই অনুষ্ঠানে তানবির সারওয়ার রানা স্বাধীনতার ওপর একটি কবিতা আবৃত্তি করে সাইকে মুগ্ধ করে দেন। আবৃত্তি করেন খ্যাতমান আবৃত্তিকার, প্রবীন বেতার সাংবাদিক ইকবাল বাহার চৌধুরী। বৃহত্তর ওয়াশিংটনের একটি অত্যন্ত উচ্চমানের সাংস্কৃতিক সংগঠন ধ্রুপদ, হিরণ চৌধুরীর সামগ্রিক তত্ত্বাবধানে পরিবেশন করে কবিতায়, গানে মুক্তিযুদ্ধ ও বাংলাদেশের স্বাধীনতা প্রসংগ।

অনুষ্ঠানে রাষ্ট্রদূত আকরামুল কাদের অসুস্থতাবশত উপস্থিত থাকতে না পারায় ডেপুটি চীফ অব মিশন মোহাম্মদ আব্দুল মুহিত বক্তব্য রাখেন। বাংলাদেশের লিবারেশন আর্কাইভের ড. শামিমা ডেইজ অন্যান্যদের ছাড়াও এই অনুষ্ঠান আয়োজনে যারা সম্পৃক্ত ছিলেন লিবারেশন আর্কাইভের সঙ্গে সেই সব সংগঠন যেমন ৭১'এর গল্প, দৃষ্টিপাত ডিসি, ধ্রুপদ, ফ্রেন্ডস অফ লিবারেশন ওয়ার মিউজিয়াম ইউএসএ, মুক্তিযুদ্ধ জাদুঘর বাংলাদেশে এবং ইন্টারন্যাশনাল কোয়ালিশন অব সাইটস অব কনশান্সকে আন্তরিক ধন্যবাদ জানান। মিশন উপ-প্রধান তাঁর বক্তব্যে বলেন, একটি নির্দিষ্ট জাতির স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে একটি নির্দিষ্ট ক্ষণে ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে টেষ্টিমনি অফ সিক্সটি হলো প্রত্যক্ষদর্শীর বিবরণ সম্বলিত অনুষ্ঠান। আমাদের কখনও চিরন্তন বাণী ভুলে যাওয়া উচিত নয় যাতে মানবতাবিরোধী সকল অত্যাচার, নিপীড়ন, গণহত্যার কথা শুনে বিশ্বের শান্তিপ্রিয় ও স্বাধীনতাপ্রিয় মানুষ চুপ করে বসে থাকতে পারে না।

অনুষ্ঠানটির সঞ্চালক বেতার সাংবাদিক আনিস আহমেদ প্রথমেই এই টেষ্টিমনি অফ সিক্সটির পটভূমি তুলে ধরেন।

এখানে উল্লেখ করা যেতে পারে যে, বাংলাদেশ মুক্তিযুদ্ধ জাদুঘর এবং ফ্রেন্ডস অব লিবারেশন ওয়ার মিউজিয়াম ইউএসএ বেশ কয়েক বছর ধরে এই টেষ্টিমনি অব সিক্সটি অনুষ্ঠানটি পালন করে আসছে। ১৯৭১ সালের ২১ শে অক্টোবর যুক্তরাজ্যের অক্সফাম তৎকালীন পূর্ব পাকিস্তানে গণহত্যা বন্ধের দাবি জানিয়ে বিশ্বের নেতৃবৃন্দের আবেদন সম্বলিত পত্রিকা প্রকাশ করে। এতে সিনেটর এডওয়ার্ড কেনেডি, মাদার টেরেসা এবং বিভিন্ন প্রখ্যাত আন্তর্জাতিক সাংবাদিকরা এই গণহত্যা বন্ধের এবং বাংলাদেশের মানুষের পাশে এসে দাঁড়ানোর আবেদন জানান।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন ঃ ২০২-২৪৪-৫০৭১, ফাক্স ঃ ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল ঃ pressministerwash@yahoo.com